

নায়িকার জবানবন্দী

জামিল হাসান সুজন

বিষন্ন ছবি, অন্তরাগে সূর্য
বিদায় বেলা।

সবকিছু ছেড়ে ছুড়ে চলে যেতে হয় বেলা বেলি
সব স্মৃতি জমা থাকে সত্যের মত।

যৌবনটা ছিল বর্ণাঢ্য আর রঞ্জীন
পাতায় পাতায় বর্ণিল স্বপ্নিল কুহক
বড় বেশি ঝলমলে, স্পষ্ট, উজ্জ্বলতায় ভরা।
সৌকর্য আর সুষমার সুনিপুণ কারুকার্যময়তায়,
স্বপ্ন আর বাস্তব কাছাকাছি
সম্ভব আর অসম্ভব একাকার।

একজন ভালবাসতে চেয়েছিল
একজন ঘৃণায় মুখ লুকাতে চেয়েছিল
একজন কাছে আসতে চেয়েছিল
একজন দূরে সরে যেতে চেয়েছিল
একজন আত্মহত্যা করতে চেয়েছিল
একজন বাঁচতে চেয়েছিল।

জীবন নাটকের সুকরণ যবনিকাপাত।

যে যুবক এক লহমায় হৃদয়টাকে নিংড়ে নিয়েছিল
মায়াবী হাসিতে স্বপ্নাচ্ছন্ন সেই নায়িকা
খুঁজে খুঁজে বেড়ায় তাকে। জীবনভর
খুঁজতে খুঁজতে পাওয়া গেল কিছু অলৌকিক সত্য,
স্বপ্নের ঘেরাটোপে সে সত্য বড় বেশি রহস্যময়।